

**বণ্ডেড**

ওয়্যার হাউসে রক্ষিত  
পণ্য দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ  
হলে কিভাবে ব্যবস্থিত হবে  
?

বণ্ডেড ওয়্যার হাউসে গুদামজাতকৃত পণ্য নির্খোঝ বা ধ্বংসপ্রাপ্ত হলে দি কাস্টমস এ্যাঞ্চ, ১৯৬৯ এর ধারা ১১৫ অনুযায়ী ব্যবস্থিত হবে। এ বিষয়ে আইনের ভাষ্য অনুযায়ী ওয়্যার হাউসে গুদামজাতকৃত বণ্ডেড পণ্য অনিবার্য দুর্ঘটনা বা অন্য কোন কারণে নির্খোঝ হলে কমিশনার অব কাস্টমস (বড) বা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কমিশনার প্রেচার্থীন বিবেচনাবলে উহার উপর প্রদেয় শুল্ক মওকুফ করতে পারবেন।

তবে শর্তাবলো আছে পণ্যাগারে পণ্য ধ্বংসের ঘটনা আবিক্ষারের দুই কার্যদিবসের মধ্যে যথোপযুক্ত কর্মকর্তার নিকট নোটিশ প্রদান করতে হবে (সূত্র: দি কাস্টমস এ্যাঞ্চ, ১৯৬৯ এর ধারা ১৫৫)।

(খ) সম্পূর্ণ রপ্তানিমূল্যী শিল্প প্রতিষ্ঠানের বণ্ডেড ওয়্যার হাউসে রক্ষিত ক্ষতিগ্রস্থ ও ধ্বংস প্রাপ্ত কাঁচামালের শুল্ক মওকুফের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড পত্র নং- ৭(৩৩) শুল্কঃ রপ্তানি ও বড/২০০৮ তারিখ: ২৬/০৭/২০০৯ এর মাধ্যমে একটি আদেশ জারী করেন। উক্ত আদেশ অনুযায়ী :-

দুর্ঘটনা সংঘটনের দুই কার্য দিবসের মধ্যে আদেশের সাথে সংযুক্ত ফরম 'ক' এর মাধ্যমে একটি ঘোষণা পত্র কাস্টমস বড কমিশনারেটে দাখিল করতে হবে। ধ্বংস প্রাপ্ত ও ক্ষতিগ্রস্থ পণ্যের পরিমাণ নিরূপণ না হওয়া পর্যন্ত ওয়্যার হাউস থেকে কোন পণ্য অপসারণ বা প্রবেশ করানো যাবেনা। ধ্বংস প্রাপ্ত ও ক্ষতিগ্রস্থ পণ্যের শুল্ক কর নিরূপনের জন্য বিভাগীয় কর্মকর্তা, সার্কেলের রাজস্ব কর্মকর্তা, বড অফিসার ও সংশ্লিষ্ট সমিতির একজন প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি গঠিত হবে। গঠিত কমিটি সরেজমিনে দুর্ঘটনার স্থল পরিদর্শন করে ধ্বংস প্রাপ্ত ও ক্ষতিগ্রস্থ কাঁচামালের পরিমাণ ও শুল্ক-করাদি নির্ণয়পূর্বক ১৫(পনের) দিনের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনে বিশেষজ্ঞের মতামত, ফায়ার সার্ভিসের মতামত, বীমা কর্তৃপক্ষের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য থাকতে হবে। অতঃপর কমিশনার (বড) কমিটির প্রতিবেদনের সুপারিশ, বীমা কর্তৃপক্ষের Claim settlement/Final Payment প্রদানের ভিত্তিতে শুল্ক-করাদি মওকুফের আদেশ জারী করবেন।